# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২১

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যেই হাদীস শ্রোতাকে এই সংশয়ে ফেলে দেয় যে, যে ব্যক্তি শাহাদাহ নিয়ে আল্লাহর সাথে সাক্ষাত করবে, সর্বাবস্থায় তার জন্য জাহান্নামে প্রবেশ করা হারাম হবে

## ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مُسْتَمِعَهُ أَنَّ مَنْ لَقِيَ اللَّهَ عَزَّ وَجَلَّ بِالشَّهَادَةِ حَرُمَ عَلَيْهِ دُخُولُ النَّارِ فِي حَالَةٍ مِنَ الْأَحْوَالِ

---

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْوَلِيدُ وَمُحَمَّدُ بْنُ شُعَيْبٍ عَنِ الْأَوْزَاعِيِّ حَدَّثَنِي الْمُطَّلِبُ بْنُ حَنْطَبٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمْرَةَ الْأَنْصَارِيِّ عَنْ أَبِيهِ قَالَ كُنَّا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي غَزْوَةٍ فَأَصَابَ النَّاسَ مَخْمَصَةٌ شَدِيدَةٌ فَاسْتَأْذَنُوا رَسُولَ اللَّهِ فِي نَحْرِ بَعْضِ ظَهْرِهِمْ فَقَالَ عُمَرُ يَا رَسُولَ اللَّهِ فَكَيْفَ بِنَا إِذَا لَقِينَا عَدُوَّنَا جِيَاعًا رِجَالَةً وَلَكِنْ إِنْ رَأَيْتَ يَا رَسُولَ اللَّهِ أَنْ تَدْعُوَ النَّاسَ بِبَقِيَّةِ أَزْوِدَتِهِمْ فَجَاؤُوا بِهِ يَجِيءُ الرَّجُلُ بِالْحِفْنَةِ مِنَ الطَّعَامِ وَفَوْقَ ذَلِكَ وَكَانَ أَعْلَاهُمُ الَّذِي جَاءَ بِالصَّاعِ مِنَ التَّمْرِ فَجَمَعَهُ عَلَى نِطَعٍ ثُمَّ دَعَا اللَّهَ بِمَا شَاءَ اللَّهُ أَنْ يَدْعُوَ ثُمَّ دَعَا النَّاسَ بِأَوْعِيَتِهِمْ فَمَا بَقِيَ فِي الْجَيْشِ وِعَاءٌ إِلَّا مَمْلُوءٌ وَبَقِيَ مِثْلُهُ فَضَحِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى بَدَتْ نَوَاجِذُهُ ثُمَّ قَالَ: "أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَني رسول اللَّهِ وَأَشْهَدُ عِنْدَ اللَّهِ لَا يَلْقَاهُ عَبْدٌ مُؤْمِنٌ بِهِمَا إِلَّا حَجَبَتَاهُ عَنِ النَّارِ يَوْمَ الْقِيَامَةِ".
أَبُو عَمْرَةَ الْأَنْصَارِيُّ هَذَا اسْمُهُ ثَعْلَبَةُ بن عمرو بن محصن.
الراوي : أَبُو عَمْرَةَ الْأَنْصَارِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 221 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

২২১. আবু আমরাহ আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আমরা একটি যুদ্ধে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে ছিলাম। অতঃপর সাহাবীদের প্রচন্ড ক্ষুধা পেয়ে যায়। ফলে তাঁরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে কিছু বাহন জবেহ করার অনুমতি চান। এসময় উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের কী অবস্থা হবে, যদি আমরা ক্ষুধার্ত ও পদব্রজ অবস্থায় শত্রুদের মুখোমুখি হই? হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যদি আপনি উপযুক্ত মনে করেন, তাহলে মানুষদেরকে তাদের অবশিষ্ট খাবার নিয়ে আনতে বলুন।” (অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেটাই করার নির্দেশ দিলে) সাহাবীগণ তাদের তাদের অবশিষ্ট খাবার নিয়ে আসতে লাগলেন। কোন ব্যক্তি এক পাত্র খেজুর, কেউ তার একটু বেশি এভাবে আনতে লাগলেন। তাদের মধ্যে সবচেয়ে যিনি বেশি নিয়ে এসেছিলেন তিনি যিনি এক সা’ (প্রায় আড়াই কেজি) খেজুর নিয়ে এসেছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেগুলো কয়েকটি বস্ত্র খন্ডের উপর রাখলেন, তারপর আল্লাহর ইচ্ছা মাফিক যা দু’আ করার তা দু’আ করলেন। তারপর লোকজনকে তাদের পাত্র আনতে বললেন। এসময় সেনাদলে এমন কোন পাত্র ছিল না, যা উক্ত খাবার দিয়ে ভর্তি করা হয়নি। তারপরেও তা আগের মতোই ছিল। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাসলেন এমনকি তাঁর দাঁত প্রকাশ পেয়ে গেলো। তারপর তিনি বললেন: “আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা’বুদ নেই, আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই আমি আল্লাহর রাসূল। আমি আল্লাহর কাছে সাক্ষ্যি দিয়ে বলছি যে, কোন ব্যক্তি যদি এই দুই সাক্ষ্য নিয়ে আল্লাহর সাথে সাক্ষাৎ করে, তবে এই সাক্ষ্যদ্বয় তাকে জাহান্নামে প্রবেশ করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করবে।”[1]

আবু আমরাহ আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহুর নাম হলো সা’লাবাহ বিন আমর বিন মিহসান।

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪১৭; তাবারানী আল কাবীর: ৫৭৫; মাজমা‘উয যাওয়া‘ইদ: ১/২০; সহীহ মুসলিম: ২৭, ৪৪; আবু আওয়ানা: ১/৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ৩২২১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবু আমরাহ আল আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88432

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন